



প্রেস-রিলিজ

বরিশাল বিশ্ববিদ্যালয়ে

“মুক্তিযুদ্ধের অনালোচিত অধ্যায়: বীরাজনা প্রসঙ্গ” শীর্ষক সেমিনার অনুষ্ঠিত

বরিশাল বিশ্ববিদ্যালয়, ১২ ডিসেম্বর ২০২২খ্রিঃ

বরিশাল বিশ্ববিদ্যালয়ের ইতিহাস বিভাগের আয়োজনে “মুক্তিযুদ্ধের অনালোচিত অধ্যায়: বীরাজনা প্রসঙ্গ” শীর্ষক সেমিনার অনুষ্ঠিত হয়েছে। ১২ ডিসেম্বর ২০২২ তারিখ সকাল ১১ টায় বিশ্ববিদ্যালয়ের জীবনানন্দ দাশ কনফারেন্স হলে সেমিনারটি অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বরিশাল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. মো. ছাদেকুল আরেফিন। এসময় প্রধান অতিথির বক্তব্যে উপাচার্য মহোদয় বলেন, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান, সকল মুক্তিযোদ্ধা ও এ দেশের আপামর জনতা যাদের আত্মত্যাগের উপর দাড়িয়ে এই বাংলাদেশ তাঁদের কাছে আমাদের দায়বদ্ধতা রয়েছে। আমাদের এই দায়বদ্ধতার প্রতিশ্রুতি পূরণ করতে হবে। বরিশাল বিশ্ববিদ্যালয়ের সকলকে মুক্তিযুদ্ধের চেতনায় ঐক্যবদ্ধ হয়ে মন ও মননে দেশপ্রেম গড়ে তুলতে হবে। যে দেশপ্রেমের মধ্য দিয়ে এ বিশ্ববিদ্যালয়ের সকল শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা ও কর্মচারী দেশ গঠনে এমন অবদান রাখবে যার মধ্য দিয়ে বঙ্গবন্ধুর স্বপ্ন পূরণের দিকে এগিয়ে যাবে দেশ। সেমিনারে মুখ্য আলোচক ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের ইতিহাস বিভাগ ও অপরায়ে বাংলাদেশ ফাউন্ডেশনের চেয়ারম্যান অধ্যাপক ড. আবু মো. দেলোয়ার হোসেন। সম্মানিত অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বীর মুক্তিযোদ্ধা ও বীরাজনা কানন গোমেজ। বরিশাল বিশ্ববিদ্যালয়ের ইতিহাস বিভাগের চেয়ারম্যান সুরাইয়া আক্তারের সভাপতিত্বে সেমিনারে বিশেষ অতিথি ছিলেন বরিশাল বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার অধ্যাপক ড. মোহাম্মদ বদরুজ্জামান ভূঁইয়া এবং সাংস্কৃতিক ব্যক্তিত্ব ও ঢাকা বিশ্ববিদ্যালয়ের থিয়েটার এন্ড পারফরমেন্স স্টাডিজ বিভাগের অধ্যাপক রহমত আলী। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন বরিশাল বিশ্ববিদ্যালয়ের ইতিহাস বিভাগের সহযোগী অধ্যাপক ড. মোহাম্মদ আবদুল বাতেন চৌধুরী। অনুষ্ঠানে বীর মুক্তিযোদ্ধা ও বীরাজনা কানন গোমেজকে সম্মাননা প্রদান করা হয়। ইতিহাস বিভাগের প্রভাষক কবির হাসানের সঞ্চালনায় সেমিনারে বরিশাল বিশ্ববিদ্যালয়ের ইতিহাস বিভাগের শিক্ষক, শিক্ষার্থীসহ বিভিন্ন কলেজের ইতিহাস বিভাগের শিক্ষকগণ উপস্থিত ছিলেন।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

মোঃ জুয়েল মৃধা
প্রশাসনিক কর্মকর্তা
জনসংযোগ অফিস
বরিশাল বিশ্ববিদ্যালয়